খালেদা জিয়াকে বিদেশে নিতে গণঅনশনে নামছে বিএনপি

হাসপাতালে চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে রয়েছেন বলে জানিয়েছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।তিনি খালেদা জিয়াকে বিদেশ নিয়ে চিকিৎসা দেওয়ার দাবিতে দলীয় কর্মসূচিও ঘোষণা করেছেন।

সংবাদ সম্মেলনে মির্জা ফখরুল জানান, ২০ নভেম্বর সারা দেশে গণঅনশন পালন করবেন বিএনপি নেতাকর্মীরা।

বৃহস্পতিবার দলের সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করেন বিএনপি মহাসচিব। তিনি বলেন, খালেদা জিয়া জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে। বিদেশে নিয়ে গিয়ে তার জরুরি চিকিৎসার প্রয়োজন। আমরা আবারও সরকারের কাছে দাবি জানাচ্ছি, অনতিবিলম্বে তাকে বিদেশ নিয়ে গিয়ে চিকিৎসা দেওয়া হোক।

বিএনপির মহাসচিব বলেন, ২০ নভেম্বর (শনিবার) খালেদা জিয়ার বিদেশে চিকিৎসা ও তাকে মুক্তির দাবিতে সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত গণঅনশন কর্মসূচি পালন করা হবে। এ ছাড়া স্থানীয়ভাবে সারা দেশে এ কর্মসূচি পালন করা হবে।

মির্জা ফখরুল আরও বলেন, ‘এ মহীয়সী নারী গ্রাম থেকে গ্রামে চারণ কবির মতো গান গেয়ে গণতন্ত্রের জন্য জনগণকে উজ্জীবিত করেছেন। ১৯৯১ সালে জনগণকে সঙ্গে নিয়ে তিনি সরকার গঠন করেন। আজীবন সংগ্রামী নেত্রী লড়াই সংগ্রাম করে কাটিয়েছেন তার সারাটা জীবন। ২০০৭ সালের সেনা সরকার ক্ষমতা গ্রহণের পর থেকে বিএনপি ও জিয়া পরিবারকে ধ্বংসের কাজ শুরু হয়।’

তিনি বলেন, ‘খালেদা জিয়ার চিকিৎসার জন্য পরিবারের পক্ষ থেকে বারবার আবেদন করার পরও সরকার সেই সুযোগ দিচ্ছে না। আমরা অবিলম্বে খালেদা জিয়াকে বিদেশে পাঠিয়ে উন্নত চিকিৎসার সুযোগ দেওয়ার দাবি জানাচ্ছি। কারণ এটি সম্পূর্ণভাবে সরকারের এখতিয়ার।’

তবে আইনমন্ত্রী আনিসুল হক বেশ কয়েকবার সাফ বলে দিয়েছেন, খালেদা জিয়ার করা আবেদনটি ফৌজদারি কার্যবিধির ৪০১ ধারা অনুযায়ী আগেই নিষ্পত্তি হয়ে যাওয়ায় তাকে বিদেশ যেতে অনুমতি দেওয়ার আইনি কোনো

সুযোগ নেই। তিনিও কয়েকবার এও বলেছেন, সাজা স্থগিতের পর শর্ত সাপেক্ষে মুক্ত বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া বিদেশে যেতে চাইলে জেলে গিয়ে তাকে নতুন করে আবার আবেদন করতে হবে।

আজ (১৮ নভেম্বর) জাতীয় সংসদে আবারও আইনমন্ত্রী বলেছেন, ‘৪০১ ধারায় নিষ্পত্তি হয়ে যাওয়া বিষয় নিয়ে পুনরায় বিবেচনার কোনো সুযোগ নেই। বাংলাদেশের আইনের বইয়ে এটা নেই। ওনারা যদি দেখাতে পারেন, আমরা তো বিবেচনা করতে পারি। কিন্তু এটা আইনের বইয়ে নাই, ওনারাও দেখাতে পারবেন না, বিবেচনার প্রশ্নই আসে না।’

এদিকে গ্লাসগোতে কপ-২৬ সম্মেলন, যুক্তরাজ্য ও ফ্রান্সে সদ্যসমাপ্ত সফর নিয়ে গতকাল (১৭ নভেম্বর) আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বিএনপি চেয়ারপারসনকে চিকিৎসার জন্য দেশের বাইরে নিতে সুযোগ না দেওয়ার ইঙ্গিত দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সরকারপ্রধান বলেন, ‘আমার কাছে চান কীভাবে বলেন তো? খালেদা জিয়াকে কারাগার থেকে বাসায় থাকতে দিয়েছি, চিকিৎসা করতে দিয়েছি, এটাই কি বেশি নয়?’ তিনি এও বলেন, ‘আপনাকে কেউ যদি হত্যা করার চেষ্টা করত, আপনি তাকে গলায় ফুলের মালা দিয়ে নিয়ে আসতেন?’

খালেদা জিয়ার চিকিৎসার বিষয়ে তাকে বাইরে পাঠানো নিয়ে যে আলোচনা চলছে, সে বিষয়ে সাংবাদিকরা প্রধানমন্ত্রীর কাছে তার বক্তব্য জানতে চান। জবাবে প্রধানমন্ত্রী বলেন, ‘আমাকে মারতে অনেক চেষ্টা করেছে। এরপর খালেদার ওপর আমায় মায়া দেখাতে বলেন। আমার হাতে যেটুকু আছে, তার মাধ্যমে তাকে বাসায় থাকার ব্যবস্থা করেছি।এখন এটা সম্পূর্ণ বিচার বিভাগের বিষয়।’

উল্লেখ্য, দুর্নীতির মামলায় দণ্ডিত হয়ে খালেদা জিয়া ২০০৮ সালের ৮ ফেব্রুয়ারি কারাগারে যান। করোনা মহামারির প্রেক্ষাপটে গত বছরের ২৫ মার্চ সরকার শর্তসাপেক্ষে তাকে সাময়িক মুক্তি দেয়। এ পর্যন্ত তিন দফায় খালেদা জিয়ার মুক্তির মেয়াদ বাড়ানো হয়। তবে বিএনপির নেতারা খালেদা জিয়ার শর্তসাপেক্ষে এ মুক্তিকে ‘গৃহবন্দি’ বলছেন। উন্নত চিকিৎসার জন্য পরিবারের পক্ষ থেকে বারবার আবেদন করা হলেও সরকার তা নাকচ করে দেয়। তাকে দেশে থেকেই চিকিৎসা নিতে হবে বলে শর্তও দেওয়া হয়েছে।

সুস্থ হয়ে উঠছেন খালেদা জিয়া: ডা. জাহিদ

হাসপাতালে চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছেন বলে জানিয়েছেন তার ব্যাক্তিগত চিকিৎসকরা।

সোমবার বিকালে তার ব্যক্তিগত চিকিৎসক অধ্যাপক ডা. এজেডএম জাহিদ হোসেন সাংবাদিকদের জানান, ম্যাডাম (খালেদা জিয়া) সুস্থ হয়ে উঠছেন। মেডিকেল বোর্ড নিয়মিত তার বায়োপসিসহ বিভিন্ন পরীক্ষা- নিরীক্ষার রিপোর্টসমূহ পর্যালোচনা করে চিকিৎসা দিচ্ছেন। হাসপাতালে কেবিন আছেন বিএনপি চেয়ারপারসন। হাসপাতাল এবং মাঝে-মধ্যে বাসা থেকে রান্না করা খাবার খাচ্ছেন তিনি।

বিএনপি সূত্রে জানা গেছে, খালেদা জিয়ার প্রয়াত ছোট ছেলে আরাফাত রহমান কোকোর স্ত্রী সৈয়দা শর্মিলা রহমান সিঁথি, ছোট ভাই শামীম এস্কান্দার, প্রয়াত ভাই সাইদ এস্কান্দারের স্ত্রী নাসরিন এস্কান্দার নিয়মিত হাসপাতালে তার পাশে থাকছেন। গত ২৪ অক্টোবর লন্ডন থেকে ঢাকায় আসেন কোকোর স্ত্রী সিঁথি।

গত ৯ অক্টোবর থেকে টানা কয়েকদিন খালেদা জিয়ার শরীরে তাপমাত্রা উঠানামা করছিলো। এর পরিপ্রেক্ষিতে ১২ অক্টোবর তাকে রাজধানীর এভার কেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। ২৫ অক্টোবর তার শরীর থেকে নেওয়া টিস্যুর বায়োপসি করা হয়।

রোববার বায়োপসি রিপোর্ট মেডিকেল বোর্ড হাতে এসে পৌঁছায়। এই রিপোর্ট ভালো এসেছে বলে জানিয়েছেন খালেদা জিয়ার ব্যাক্তিগত একজন চিকিৎসক।

হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসক অধ্যাপক ডা. সাহাবুদ্দিন তালুকদারের নেতৃত্বে একটি মেডিকেল বোর্ডের অধীনে বিএনপি চেয়ারপারসনের চিকিৎসা চলছে।

৭৬ বছর বয়েসী খালেদা জিয়া দীর্ঘ দিন ধরে আর্থ্রাইটিস, ডায়াবেটিস ও চোখের সমস্যায় ভুগছেন। এছাড়া কোভিড পরবর্তী বিভিন্ন জাটিলতাও দেখা দিয়েছে সাবেক এই প্রধানমন্ত্রীর।

জনগণের অধিকার পুনরুদ্ধারের আমরা আছি,ছিলাম এবং থাকবো - সাবেক এমপি মাসুদ অরুন

. সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুণ বলেছেন, আমরা সুনির্দিষ্টভাবে বলতে চাই, রাষ্ট্র যখন দুর্নীতিতে এমন এক জায়গায় পৌঁছে গেছে যেখানে রাষ্ট্র তার নৈতিকতাকে ধ্বংস করে ফেলে, মূল্যবোধকে ধ্বংস করে ফেলে।
আপনাদের সকলের নিশ্চয়ই জানা আছে কাঁকড়া এক সময় নিজেকে খেয়ে ফেলে। ঠিক তেমন রাষ্ট্র যখন উলঙ্গ হয়ে যায়, রাষ্ট্র যখন নৈতিকতা বিবর্জিত হয়ে যায়, রাষ্ট্র যখন মূল্যবোধকে হারিয়ে ফেলে, জনগণের সম্মান অধিকারকে হরণ করে। তখন রাষ্ট্র রাষ্ট্রকেই খেয়ে ফেলবে, আওয়ামী লীগ আওয়ামী লীগকে খেয়ে ফেলবে, নেতা-কর্মীকে খেয়ে ফেলবে, কর্মী-নেতাকে খেয়ে ফেলবে এটি হল ইতিহাস।

মাসুদ অরুন আরো বলেন, সময় থাকতে গণতন্ত্র পুনরুদ্ধারের লড়াইয়ে ঐক্যবদ্ধ হোন। আমি আওয়ামী লীগকে বলি দল-মত নির্বিশেষে অনতিবিলম্বে একটি গণতান্ত্রিক নির্বাচনের মধ্য দিয়ে দেশের মানুষের যে গণতান্ত্রিক দাবি সেই দাবি মেনে নেওয়া হোক।

বুধবার সকালে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন এসব কথা বলেন।

আলোচনা সভায় আরে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি ও সাবেক পৌর চেয়ারম্যান আব্দুর রহমান, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল

ইসলাম, মেহেরপুর জেলা তাঁতী দলের সভাপতি আরজুল্লাহ বাবলু মাস্টার সহ প্রমূখ।

ঢাকায় বিক্ষোভের ডাক দিয়েছে বিএনপি

রাজধানীর চন্দ্রিমা উদ্যানে দলের নেতাকর্মীদের ওপর হামলার প্রতিবাদে আগামীকাল বুধবার ঢাকা মহানগর উত্তর-দক্ষিণের থানায় থানায় প্রতিবাদ ও বিক্ষোভ কর্মসূচি দিয়েছে বিএনপি।মঙ্গলবার বিকালে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক জরুরি সংবাদ সম্মেলনে এই কর্মসূচি ঘোষণা করেন ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির আহ্বায়ক আবদুস সালাম।

তিনি বলেন, শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মাজার জিয়ারত করতে আসা নেতাকর্মীদের ওপর সরকারের নির্দেশে পুলিশের নির্মম হামলা, গুলিবর্ষণ, কাঁদানে গ্যাস, রাবার বুলেট নিক্ষেপ, লাঠিচার্জ এবং গ্রেফতারের প্রতিবাদে এই কর্মসূচি পালন করা হবে।

আবদুস সালাম দাবি করেন, পুলিশি হামলায় ঢাকা মহানগর উত্তর বিএনপি’র আহ্বায়ক আমান উল্লাহ আমান, সদস্য সচিব আমিনুল হক, যুগ্ম আহ্বায়ক ফেরদৌসি আহমেদ মিষ্টিসহ অন্তত ৭৫ জন নেতাকর্মী গুরুতর আহত হয়েছেন। আহতরা রাজধানীর বিভিন্ন হাসপাতাল ও ক্লিনিকে চিকিৎসা নিচ্ছেন। সংবাদ সংগ্রহ করতে যাওয়া একটি বেসরকারি টেলিভিশনের একজন সাংবাদিক ও দুইজন ক্যামেরাম্যানও আহত হয়েছেন। এছাড়াও ঢাকা মহানগর উত্তর বিএনপির যুগ্ম আহ্বায়ক এজেএম শামসুল হক, কৃষক দলের কেন্দ্রীয় নেতা শাহজাহান সম্রাটসহ ১২ নেতাকর্মীকে গ্রেফতার করা হয়েছে।

সংঘর্ষ চলাকালে পরিকল্পনা সচিবের গাড়ি ভাংচুরের ঘটনায় সালাম বলেন, এটা সরকারের সাজানো ঘটনা। সরকারের লোকজন ভাংচুর করেছে। আমাদের কেন্দ্রীয় সহ-সাংগঠনিক সম্পাদক আবদুস সালামের গাড়িও ভাংচুর করা হয়েছে।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন- বিএনপির কেন্দ্রীয় দপ্তরের দায়িত্বে থাকা সাংগঠনিক সম্পাদক সৈয়দ এমরান সালেহ প্রিন্স, সহ-সাংগঠনিক সম্পাদক আবদুস সালাম আজাদ, শহিদুল ইসলাম বাবুল, সহ-দপ্তর সম্পাদক তাইফুল ইসলাম টিপু, যুবদল সভাপতি সাইফুল আলম নীরব, সাধারণ সম্পাদক সুলতান সালাউদ্দিন টুকু প্রমুখ।

মেহেরপুরে বিএনপি নেতা মতিয়ার রহমানের মৃত্যু

মেহেরপুর জেলা বিএনপির উদদেষ্টা সদস্য গোভীপুর গ্রামের বাসিন্দা ও আমঝুপি ইউনিয়নের সহকারী ভূমি কর্মকর্তা নওজেশ আলীর শ্বশুর মতিয়ার রহমান ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

বৃহস্পতিবার রাত ১২ টার দিকে তিনি স্ট্রোক করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হলে চিকিৎসাধীন অবস্থায় কিছুক্ষন পর মৃত্যুবরণ করেন। তিনি স্ত্রী, ২ ছেলে, ১ মেয়ে, নাতি-নাতনিসহ অসংখ্যা গুণাগ্রাহী রেখে গেছেন।

মরহুমের পারিবারিক সূত্রে জানা গেছে, আজ শুক্রবার সকাল ১০টা ২০ মিনিটে গোভীপুর দাখিল মাদ্রাসা প্রাঙ্গনে জানাযা শেষে স্থানীয় কবরস্থানে দাফন করা হবে।

ঘোলা পানিতে মাছ শিকার করতে চাইলে সমুচিত জবাব’

বিএনপিকে হুঁশিয়ার করে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেছেন, আন্দোলনের নামে সহিংসতা সৃষ্টি করে ঘোলা পানিতে মাছ শিকার করতে

চাইলে সরকার রাজপথে সমুচিত জবাব দেবে।

তিনি বুধবার সকালে তার সরকারি বাসভবনে নিয়মিত ব্রিফিংয়ে এসব কথা বলেন।

বিএনপি নেতাদের স্মরণ করিয়ে দিয়ে ওবায়দুল কাদের বলেন, সামরিক উর্দি পরে অস্ত্রের মুখে বিচারপতি সায়েমকে সরিয়ে কে প্রশ্নবিদ্ধ নির্বাচন করে রাষ্ট্রপতি হয়েছিলো? ১৫ ফেব্রুয়ারির ভোটারবিহীন নির্বাচন কোন গণতন্ত্র? বিএনপির গণতন্ত্র ছিল কারফিউ গণতন্ত্র।

বিরোধী দল হিসেবে গণতন্ত্রের বিকাশে বিএনপি কী ভূমিকা রেখেছে জাতি তা জানতে চায় উল্লেখ করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আরও বলেন, সম্প্রতি নির্বাচন থেকে সরে যাওয়ার ঘোষণা দিয়ে বিএনপি আবারও প্রমাণ করেছে, তারা গণতন্ত্রে বিশ্বাস করে না।

সড়ক পরিবহন মন্ত্রী আশঙ্কা প্রকাশ করে বলেন, বিএনপি কি নির্বাচনের মাধ্যমে ক্ষমতার পরিবর্তন চায়? তারাতো গণ-অভ্যুত্থানের মাধ্যমে সরকার পরিবর্তনের দুঃস্বপ্ন দেখেছে?

খালেদা জিয়া বিপদমুক্ত নন, হাসপাতালে থাকতে হবে আরও কিছুদিন

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হওয়া বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার করোনা রিপোর্ট নেগেটিভ এসেছে। অবস্থার উন্নতি হওয়ায় তাকে ইতোমধ্যে কেবিনে স্থানান্তর করা হয়েছে। তবে চিকিৎসকরা বলছেন, খালেদা জিয়া এখনও শঙ্কামুক্ত নন। কোভিড পরবর্তী বেশ কিছু জটিলতায় ভুগছেন তিনি। আরও কিছু সময় তাকে হাসপাতালে থাকতে হবে।

খালেদা জিয়ার চিকিৎসকরা বলছেন, তার পোস্ট কোভিড যে জটিলতা ছিল, সেগুলোর কিছুটা উন্নতি হয়েছে। কিন্তু তার অন্যান্য রোগগুলো আগের মতোই আছে। ফলে আরও কিছুদিন তাকে হাসপাতালেই থাকতে হবে।

আগামী কয়েক দিন তাকে পর্যবেক্ষণের পর ‘বিপদমুক্ত’ মনে হলেই হাসপাতাল থেকে ছাড়পত্র দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হবে।

খালেদা জিয়ার চিকিৎসক ও বিএনপির ভাইস চেয়ারম্যান ডা. জাহিদ হোসেন এ বিষয়ে বলেন, গত এক সপ্তাহে ম্যাডামের শারীরিক অবস্থার কিছুটা উন্নতি হওয়ায় তাকে করোনারি কেয়ার ইউনিট (সিসিইউ) থেকে কেবিনে স্থানান্তর করা হয়। এখন তিনি কেবিনেই আছেন। সেখানে তার চিকিৎসা চলছে।

নাম প্রকাশে অনিচ্ছুক মেডিকেল বোর্ডের একজন সদস্য বলেন, খালেদা জিয়ার পোস্ট কোভিড জটিলতার কিছুটার উন্নতি হয়েছে। এটাকে বড় ধরনের উন্নতি বলার সুযোগ নেই। তাই তাকে এখনি বিপদমুক্ত যাচ্ছে না। ফলে, আমরা তাকে আরও কিছুদিন পর্যবেক্ষণ করে হাসপাতাল থেকে ছাড়পত্র দেওয়ার সিদ্ধান্ত নেব।

খালেদা জিয়া এখনও তরল জাতীয় খাবার খাচ্ছেন জানিয়ে ওই চিকিৎসক আরও বলেন, তিনি এমনিতে কম খাবার খান। হাসপাতালে ভর্তি হওয়ার পর বাইরে থেকে অর্থাৎ তার আত্মীয়-স্বজনরাই চিকিৎসকদের পরামর্শ অনুয়াযী খাবার নিয়ে আসেন। খালেদা জিয়া সেগুলো খান।

হাসপাতাল কর্তৃপক্ষের অনুরোধে খালেদা জিয়ার পরিবারের সদস্যদের বাইরে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, তার একান্ত সচিব আব্দুস সাত্তার ছাড়া অন্য কেউ তাকে দেখতে হাসপাতালে যান না।

১৪ এপ্রিল করোনা শনাক্ত হন খালেদা জিয়া। ২৭ এপ্রিল থেকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন আছেন তিনি। করোনার কারণে তার শ্বাসকষ্ট দেখা দিলে তাকে ৩ মে সিসিইউতে স্থানান্তর করা হয়। পরবর্তীতে গত ৩ মে তাকে সিসিইউ থেকে কেবিনে স্থানান্তর করা হয়।

চুয়াডাঙ্গায় শহীদ প্রেসিডেন্ট

জিয়াউর রহমানের ৪০ তম শাহাদাৎ বার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপির প্রতিষ্ঠাতা, সাবেক প্রেসিডেন্ট ও বহুদলীয় গণতন্ত্রের পুনঃপ্রবর্তক জিয়াউর রহমানের ৪০তম শাহাদাতবার্ষিকী আজ।
১৯৮১ সালের এই দিবাগত রাতে চট্টগ্রাম সার্কিট হাউসে একদল বিপথগামী সৈনিকের হাতে তিনি শাহাদাত বরণ করেন। সেই থেকেই তার প্রতিষ্ঠিত দল বিএনপি দিবসটিকে জিয়াউর রহমানের শাহাদাৎবার্ষিকী হিসেবে পালন করে আসছে তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র আয়োজনে জিয়াউর রহমানের ৪০তম শাহাদাৎ বার্ষিকী পালন করা হয়।

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪০ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আজ সকাল ৬ ঘটিকার সময় স্থানীয় বালিকা উচ্চবিদ্যালয়ের সামনে জেলা বিএনপির কার্যালয়ে দলীয় ও কালো পতাকা উত্তোলন এবং কালো ব্যাজধারন কর্মসুচি অনুষ্ঠিত হয়, অনুষ্ঠানে জেলা বিএনপির সিনিয়র যুগ্ন-আহবায়ক এড ওয়াহেদুজ্জামান বুলা নেতৃত্বে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য শহিদুল ইসলাম রতন,আবু জাফর মন্টু,রেজাউল করিম মুকুট,বিএনপি নেতা এড মঈনুল ও আক্তারুজ্জামান জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ন-সম্পাদক মুনজুরুল জাহিদ, জেলা যুব দলের সহ সভাপতি রবিউল ইসলাম, জেলা ছাত্রদলের সহ সভাপতি শেখ শাহবাজ সুজন,সাংগঠনিক সম্পাদক আহসান হাবীব মামুন,যুগ্ন-সম্পাদক সাজিদ হাসান মালিক সজিব,যুগ্ন-সম্পাদক ইখলাস মুন রায়হান, পৌর ছাত্রদলের যুগ্ন আহবায়ক রানা হামিদ,শ্রমিক দলের নেতা আব্দুর রাজ্জাক।

গাংনীতে জিয়াউর রহমানের মৃত্যু

বার্ষিকী পালন

বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪০ তম মৃত্যু বার্ষিকী পালন উপলক্ষে মেহেরপুরের গাংনীতে আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার দুপুরে গাংনী উপজেলা বিএনপি কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা বিএনপি সহ সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, গাংনী উপজেলা বিএনপি সভাপতি রেজাউল হক ও পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা সহ বিএনপি ও অঙ্গ সংগঠন নেতৃবৃন্দ।

আলোচনা সভার পর জিয়াউর রহমানের আত্মার মাগফেরাত ও খালেদা জিয়ার সুস্থতা কামনায় দো’আ মোনাজাত করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র বিভিন্ন কর্মসূচী পালন

মহান স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তমের ৪০তম শাহাদত বার্ষিকীতে মেহেরপুর জেলা বিএনপি’র কর্মসূচী আনুষ্ঠানিকভাবে দলীয় পতাকা ও কালো পতাকা উত্তোলনের মাধ্যমে শুরু হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন। সভায় বক্তব্য রাখেন জেলা বিএনপি’র সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, সদর উপজেলা বিএনপি’র সভাপতি মারুফ আহমেদ বিজন, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।
উপস্থতি ছলিনে জলো বিএনপির সাংগঠনকি সম্পাদক আব্দুর রশদি, সদর উপজলো বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম,সাংগঠনকি সম্পাদক

শাহাবুদ্দনি মোল্লা, জলো যুবদলরে সভাপতি জাহদিুল হক জাহদি, জলো স্বচ্ছোসবেক দলরে সাধারণ সম্পাদক আজমল হোসনে মন্টিু প্রমুখ।